দৈনিক সংবাদ
তারিখ 05 FEB 1995
পৃষ্ঠা ১২ কলাম ৮

# পিএসসি'র সদস্য পদে খোদেজা আজম

(নিজস্ব বার্তা পরিবেশক)

মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের সাবেক ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব খোদেজা আজমকে পাবলিক সার্ভিস কমিশনের সদস্য হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ করা হয়েছে। গত সপ্তাহে তিনি ৫৭ বছর বয়সে অবসর নিয়েছেন।

মহিলা বিষয়ক মন্ত্রণালয়ের সচিব পদে এখনও কাউকে নিয়োগ করা হয়নি। অর্থ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব আবদুল হান্নানকে এই মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব করা হতে পারে বলে আভাস পাওয়া যায়।

পাবলিক সার্ভিস কমিশনের সচিব মতিউর রহমানকে চাকরিতে পুনর্বহাল করা হয়েছে। টিসিবি'র পরিচালক থাকাকালে লবণ আমদানিতে দুর্নীতির ব্যাপারে জড়িত থাকার অভিযোগে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছিল।

লবণ আমদানির ক্ষেত্রে দুর্নীতির অভিযোগে দুর্নীতি দমন ব্যুরোতে মামলা দায়ের করা হয় এবং গত বছরের সেপ্টেম্বর মাসে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। আগামী ১২ই ফেব্রুয়ারি তিনি অবসর প্রস্তুতিকালীন ছুটিতে যাবেন। এই বিবেচনায় তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার এবং চাকরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে সংস্থাপন মন্ত্রণালয় সূত্রে জানা যায়।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সচিব আবদুল আলীকে এখানকার সদস্য পদে নিয়োগ করা হয়েছে। পররাষ্ট্রমন্ত্রীর একান্ত সচিব মোশাররফ হোসেনকে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য পদে নিয়োগ করা হয়েছে।

ND STATISTICS